ঢাকা ওয়াসা

১। ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা এর কপি।
২। প্রাক্কলন ও ক্যালকুলেশন শীট।
৩। PPR-2025 এর সংশ্লিষ্ট কপি।

বিষয়ঃ Repair and maintenance work of sewer pipe, rainwater and soil pipe of MODS Zone-4, Dhaka WASA **কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।**

অনুচ্ছেদ: ১.০

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মড্স জোন-৪ এর আওতাধীন বেগম রোকেয়া স্মরণীর পশ্চিম পার্শ্ব হতে বেরীবাধ পর্যন্ত সুবিশাল এলাকায় নগরবাসীকে ১৮৩ টি পানির পাম্প দ্বারা সুপেয় পানি সরবরাহ করা হয়ে থাকে। মড্স জোন-৪ এর অফিস কার্যক্রম পরিচালনার জন্য তিন তলা বিশিষ্ট ভবন রয়েছে। ভবনরে প্রতিটি তালায় গ্রাহক, অফিস স্টাফদের ব্যাবহারের জন্য টয়লেট/বাথরুম রয়েছে। অফিস ভবনটি অনেক পুরাতন হওয়ায় **sewer pipe, rainwater and soil pipe** গুলো নষ্ট হয়ে গেছে। পাইপ হতে নোংরা পানি বের হয়ে অফিসের দেওয়ালগুলো ক্ষতিগ্রস্থ করছে। নষ্ট পাইপগুলো পূর্বে মেরামত করা হয়েছে কিন্তু মেরামত করার পর পূনরায় একই সমস্যা দেখা দেয়। উপরোক্ত সমস্যাগুলো সমাধানের জন্য বর্তমানের পাইপ পরিবর্তন করে নতুন পাইপ স্থাপন করা প্রয়োজন। বিভিন্ন পর্যায়ের স্টাফ, ডিএমএ ডেপুটি ম্যানেজার/ম্যানেজার, স্ক্যাডা অপারেটর, উপ-সহকারি প্রকৌশলী, সহকারি প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী মহোদয় অফিস করে থাকেন। প্রতিদিন উল্লেখ্যযোগ্য পরিমান সম্মানিত গ্রাহকবৃন্দ সেবা গ্রহনের জন্য ও বিভিন্ন ধরনের অভিযোগ নিয়ে জোন-৪ এর অফিসে নিয়মিত যাতায়ত করে থাকেন।অনেক সময় ক্ষতিগ্রস্থ পাইপ হতে নোংরা পানি পড়ে পরিবেশ নষ্ট হয়। ভবনের স্থায়িত্ব বৃদ্ধি করার জন্য **sewer pipe, rainwater and soil pipe** গুলো জরুরিভাবে পরিবর্তন করা প্রয়োজন।

অনুচ্ছেদ: ১.১

আলোচ্য কাজটির সমূদয় ব্যয়ভার মড্স জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনার “অফিস রক্ষণাবেক্ষণ ” খাতের কোড নং-০১-০২-০১২ এর ক্রমিক নং B(3) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)। আলোচ্য কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯(১) (ড) অনুযায়ী DPM পদ্ধতিতে STD এর PW2b অনুসরণে দরপত্র আহবান করা যেতে পারে। উল্লেখিত কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পাদন করার লক্ষ্যে বাজার দর ও পূর্ব-অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের টাকার পরিমান দাঁড়িয়েছে ৳. **২,৯৫,৯৭৮.০০(দুই লক্ষ পচানব্বই হাজার নয়শত আটাত্তর)** টাকা মাত্র (সংযুক্তি-৩)।

অনুচ্ছেদ: ১.২

এমতাবস্থায়, Repair and maintenance work of sewer pipe, rainwater and soil pipe of MODS Zone-4, Dhaka WASA কাজটির নিম্নলিখিত প্রস্তাব অনুমোদন করা যেতে পারেঃ

(ক) প্রাক্কলিত ৳.**২,৯৫,৯৭৮.০০ (দুই লক্ষ পচানব্বই হাজার নয়শত আটাত্তর)** টাকা মাত্র এর অনুমোদন।

(খ) কাজটির সমুদয় ব্যয়ভার মড্স জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনার "অফিস রক্ষণাবেক্ষণ" খাতের কোড নং-০১-০২-০১২ এর ক্রমিক নং B(3) হতে নির্বাহের অনুমোদন।

(গ) কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯(১) (ড) ধারা মোতাবেক DPM পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান Independent Enterprise (সংযুক্তি-৩) এর সাথে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় ভৌত সেবা হিসেবে সম্পন্ন করার অনুমোদন।

উল্লেখ্য যে, মড্স জোন-৪ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনায় আলোচ্য কাজটির অনুমোদন ক্ষমতা **তত্ত্বাবধায়ক প্রকৌশলী** মহোদয়ের আওতাধীন।

৩০/০৬/২০২৬
মোঃ আরিফুল হাসান
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৪, ঢাকা ওয়াসা।

AE
৩০/০৬/২৬
মোহাম্মদ বিল্লাল হোসেন
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৪, ঢাকা ওয়াসা

EE
৩০/০৬/২০২৬
মোঃ এমদাদুল হক
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-৪, ঢাকা ওয়াসা।

১-৩ প্রস্তাবমতে।

SE, MODS circle-2

EE, MODS Zone-4

SAE (A)
30/06/2026

৩০/০৬/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।